যুগান্তর

তারিখ ... 01 MAR 2017 ...
পৃষ্ঠা ...2... কলাম ...৫...

জাতীয় বিশ্ববিদ্যালয়

# ১ম বর্ষ স্নাতকে কোর্স পরিবর্তন ও মেধা তালিকা প্রকাশ

**গাজীপুর প্রতিনিধি**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক ভর্তি কার্যক্রমে ১ম মেধা তালিকায় ভর্তি হওয়া শিক্ষার্থীদের কোর্স পরিবর্তন ও ২য় মেধা তালিকা আজ প্রকাশ করা হবে। এ ফল এসএমএসের মাধ্যমে বিকাল ৪টা থেকে যে কোনো মোবাইল মেসেজ অপশনে গিয়ে (nu<space>atdg<space> roll no লিখে ১৬২২২ নম্বরে Send করলে জানা যাবে এবং রাত ৯টা থেকে ওয়েবসাইটে www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions এ ফল পাওয়া যাবে।

**১ম বর্ষ স্নাতক প্রফেশনাল ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণের সময় বৃদ্ধি :** ২০১৬-২০১৭ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক প্রফেশনাল ভর্তি কার্যক্রমে যে সব প্রার্থী প্রথম পর্যায়ে প্রাথমিক আবেদন করেনি, সে সব প্রার্থী মঙ্গলবার বিকাল ৪টা থেকে ৪ মার্চ রাত ১২টা পর্যন্ত অনলাইনে আবেদন করতে পারবেন।